

প্রকৃতি ও প্রেম কবির অনেক কবিতায় একটি মায়াবী চিত্র নির্মাণ করেছে। যেমনঃ-

“এই গান, এই সুর  
এই ফুল, এই পাখী  
নদী আর নিসর্গ,  
সবই সুন্দর- তুমি আছো বলে।  
এই দুঃখ এই হতাশা  
এই বঞ্চনা, এই মৃত্যু  
আজ ও সুমধুর- শুধু তুমি ভালবাস বলে।”

(এই গান এই সুর, পৃষ্ঠাঃ ৫৬)

আগেই বলেছি কবি শফিকুল ইসলামের কবিতা সহজ সুন্দর এবং অনেক ক্ষেত্রে তির্যক ও মধুর। তিনি কবিতায় দুর্বোধ্যতা সৃষ্টি পছন্দ করেন না। এসব বিবেচনায় কবি শফিকুল ইসলাম প্রেমের কবি এবং প্রেমিক, অর্থ্যাৎ উত্তুঙ্গ মানবতাবাদী রোমান্টিক কবি হিসেবে তাকে ভাবতে আদৌ কষ্ট হয় না।